বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৬/৩০৩

তারিখ ঃ ১১ নভেম্বর ২০২৬

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০২ এবং ১০৫ মোতাবেক দৈনিক কাজের ঘন্টার বিধিনিষেধ থেকে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০২ এবং ১০৫ মোতাবেক দৈনিক কাজের ঘন্টার বিধিনিষেধ থেকে "Bangladesh Garment Manufacturers & Expoters Association (BGMEA)" এর সসদ্য কারখানা সমূহকে অব্যাহতি প্রদান করে গত ০৬ অক্টোবর ২০২৬ তারিখে একটি প্রজ্ঞাপন জারী করেছে, যার কপি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসংঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

মজুরী বোর্ড শাখা

www.mole.gov.bd

স্মারক নম্বর- ৪০.০০.০০০০.০১৬.৩৪.০১১.২৬-১১৫

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩ / ৬ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "Bangladesh Garment Manufacturers & Exporters Association (BGMEA)" এর সদস্য কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা **১০০, ১০২** এবং **১০৫** এর বিধানের প্রয়োগ বা মেনে চলা হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ১৭ অক্টোবর ২০২৬ হতে ১৬ এপ্রিল ২০২৭ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল।

শর্তাবলী:

১। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর পঞ্চদশ অধ্যায়ের ২১৪ নম্বর বিধি অনুযায়ী কেন্দ্রীয় তহবিল অথবা শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে নির্দিষ্ট হারে অর্থ প্রদান করতে হবে;

২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;

৩। কোন শ্রমিক দ্বারা তার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টা অধিক সময় কাজ করানো যাবে না;

৪। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করতে হবে;

৫। বিধিমোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করতে হবে;

৬। কেবল স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাবে;

৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মেনে কাজ করার বিষয়টি নিশ্চিত করতে হবে;

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মো: মাহবুবুর রহমান
উপসচিব
ফোন: ২২২৩৩৫৫৫৩৬

স্মারক নম্বর- ৪০.০০.০০০০.০১৬.৩৪.০১১.২৬-১১৫/১(৬)

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩ / ৬ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০।

২। উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশসহ গেজেটের ১৫ (পনেরো) কপি ডি আর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়- কে প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদেয়ের সদয় অবগতির জন্য)।

৪। জনাব মাহমুদ হাসান খান, সভাপতি, বিজিএমইএ, বাড়ি নং-৭/৭এ, ব্লক-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

৫। জনাব মাসুম বিল্লাহ, ডি আর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রকাশিত গেজেটের ১৫ (পনেরো) কপি উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা হইতে সংগ্রহপূর্বক এই মন্ত্রনালয়ের মজুরী বোর্ড শাখার প্রশাসনিক কর্মকর্তাকে প্রদানের অনুরোধসহ)।

৬। অফিস কপি।

মো: মাহবুবুর রহমান
উপসচিব